



# বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০  
ওয়েবসাইটঃ www.pcb.gov.bd, ই-মেইল: info@pcb.gov.bd



স্মারক নং: পিসিবি/২৯১৭

তারিখঃ ০৪ চৈত্র ১৪২৭  
১৮ মার্চ ২০২১

## ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

ওষুধ ব্যবসার সাথে জড়িত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুন-আগস্ট ২০২১ সেশনের ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সের ভর্তি আগামী ০১ এপ্রিল ২০২১ তারিখ থেকে শুরু হবে। আগ্রহী ও নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিদের বাংলাদেশ কেমিস্টস্ এন্ড ড্রাগিস্টস্ সমিতির জেলা শাখা/উপ-শাখা অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

### ভর্তির যোগ্যতা :

- ১। আবেদনকারীকে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ২। আবেদনকারীর বয়সসীমা ১৭-৫০ বছরের মধ্যে হতে হবে।
- ৩। ড্রাগ লাইসেন্সধারী ফার্মেসীর মালিক নিজে বা তাঁর ফার্মেসীতে কর্মরত এক বা একাধিক ব্যক্তি।

### কোর্স ও পরীক্ষার ফি :

কোর্স ফি ২,৩৫০/- (দুই হাজার তিনশত পঞ্চাশ) টাকা, পরীক্ষার ফি ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং আবেদন ফরম ১০/- (দশ) টাকা সর্বমোট ৩,৮৬০/- (তিন হাজার আটশত ষাট) টাকা “বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল” এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা করতে হবে। কোন অবস্থাতেই উল্লেখিত ফি নগদ গ্রহণ করা যাবে না এবং নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না। (পে-অর্ডারের ব্যাংক নির্ধারিত কমিশন আবেদনকারীকে বহন করতে হবে।)

### আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা করতে হবে :

- ১। ভর্তির ফরমের সাথে এস.এস.সি/সমমানের সনদপত্রের সত্যায়িত কপি।
- ২। সংশ্লিষ্ট ফার্মেসীর ড্রাগ লাইসেন্সের সত্যায়িত কপি এবং মনোনীত ব্যক্তির ক্ষেত্রে ফার্মেসীর নিজস্ব প্যাডে মালিক কর্তৃক প্রত্যয়নপত্র (আবেদনকারীকে ফরম সংগ্রহের সময় অবশ্যই মূল ড্রাগ লাইসেন্সের কপি বাংলাদেশ কেমিস্টস্ এন্ড ড্রাগিস্টস্ সমিতির সংশ্লিষ্ট জেলার সভাপতির নিকট উপস্থাপন করতে হবে)।
- ৩। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ৪। সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ল্যাব প্রিন্ট ছবি।
- ৫। নির্ধারিত ফি (অফেরৎযোগ্য) পে-অর্ডারের মাধ্যমে জমা করতে হবে।

বিপ্লবঃ (ক) কোন তথ্য ভুল বলে প্রতীয়মান হলে প্রশিক্ষার্থীর ভর্তি বাতিল হবে এবং ফি অফেরৎযোগ্য।

(খ) যদি কেউ নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ দাবি করে, সেক্ষেত্রে অবশ্যই মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর (ই-মেইল: dgda.gov@gmail.com); সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল (ই-মেইল: info@pcb.gov.bd) এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল